দৈনিক সংবাদ

তারিখ 16 FEB 1990
পৃষ্ঠা ৮ কলাম ৩

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

### ডিগ্রী পরীক্ষার উত্তরপত্র সংক্রান্ত ঘটনার তদন্তে কমিটি গঠিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৫ই ফেব্রুয়ারী।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট ১৯৮৯ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার সমাজকল্যাণ বিষয়ক উত্তরপত্র সংক্রান্ত ঘটনা সম্পর্কে প্রাতিষ্ঠানিকভাবে তদন্ত করার জন্য একটি কমিটি গঠন করেছেন। কমিটিতে সকল বিভাগের ডীনরা রয়েছেন। আজ

(৭-এর পাতায় দেখুন)

### পরীক্ষার খাতা জালিয়াতি

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

বিকেলে উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সিণ্ডিকেটের এক জরুরী সভায় উক্ত পরীক্ষার উত্তরপত্র সংক্রান্ত গর্হিত ও নিন্দনীয় ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয় এবং ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য পুলিশ প্রশাসনের কাছে আবেদন জানানো হয়।